



Advocates for Children of New York

Protecting every child's right to learn

এন.ও.য়াই.সি স্কুলে অভিবাসী শিক্ষার্থীদের পীড়ন, হয়রানি এবং তাদের সঙ্গে বৈষম্যমূলক আচরণ

আপনার সন্তানের এমন একটি স্কুলে পড়াশুনা করার অধিকার আছে যেখানে সে নিরাপদ থাকবে ও সহায়তা পাবে এবং যেখানে কোনও পীড়ন, হয়রানি বা বৈষম্যমূলক আচরণ করা হবে না। **নিউ ইয়র্ক সিটি শিক্ষা দপ্তর (ডি.ও.ই) জাতি, বর্ণ, জাতিগত পরিচয়, জাতীয় উৎপত্তি, অভিবাসন মর্যাদা বা ধর্মের ভিত্তিতে পীড়ন, হয়রানি এবং বৈষম্যমূলক আচরণের অনুমতি দেয় না।** এমন আচরণের অনুমতি স্কুলের চোহদ্দিতে, স্কুলের আগে বা পরে, ডি.ও.ই-র গাড়িতে, ডি.ও.ই প্রযোজিত অনুষ্ঠানে নেই এবং কিছু ক্ষেত্রে যদি আচরণ স্কুলের সম্পত্তির বাইরে ঘটে এবং সেটি স্কুল সংক্রান্ত হয় তাহলেও নেই।

শিক্ষার্থীকে পীড়ন, হয়রানি বা তার সঙ্গে বৈষম্যমূলক আচরণ করার অভিযোগ জানানোর জন্য কোনও ব্যক্তিকে শাস্তি দেওয়া যাবে না।

ডি.ও.ই কিভাবে আমার সন্তানকে পীড়ন, হয়রানি এবং বৈষম্যমূলক আচরণ থেকে রক্ষা করে ?

ডি.ও.ই শিক্ষার্থীদের এমন আচরণের অনুমতি দেয় না যার ফলে কোনোভাবে অন্য শিক্ষার্থীরা নিরাপত্তার অভাব বোধ করতে পারে বা তাদের শারীরিক আঘাত বা মানসিক ক্ষতি হতে পারে। সেই সঙ্গে ডি.ও.ই এমন আচরণেরও অনুমতি দেয় না যা অন্য একজন শিক্ষার্থীর শিক্ষা, মানসিক বা আবেগগত সুস্থতা বা শারীরিক সুস্থতাকে ব্যাহত করতে পারে।

পীড়ন, হয়রানি এবং বৈষম্যমূলক আচরণ বলতে কি বোঝায় ?

পীড়ন, হয়রানি এবং বৈষম্যমূলক আচরণ বিভিন্ন রূপে ঘটতে পারে। সেটি শারীরিক, মৌখিক, সামাজিক বা লিখিত হতে পারে। নীচে কিছু উদাহরণ দেওয়া হল:

- **শারীরিক** — এর মধ্যে আছে আঘাত করা, ঠেলা দেওয়া এবং অন্য কারো জিনিসপত্র ভেঙ্গে ফেলা।
- **মৌখিক** — এর মধ্যে আছে ঠাট্টাচ্ছলে বিরক্ত করা, বিদ্রূপ করা, হমকি দেওয়া, আপত্তিকর রসিকতা করা, গালি দেওয়া, এবং অপবাদ দেওয়া।
- **সামাজিক** — এর মধ্যে আছে অপমানিত করার জন্য বা আলাদা করার জন্য কোনও শিক্ষার্থীকে সতীর্থদের দলগুলিতে অন্তর্ভুক্ত না করা।
- **লিখিত** — এর মধ্যে আছে দেওয়াল লিখন, ফটো, লিখন, অঙ্কন বা ভিডিও, বা ইন্টারনেট, সেলফোন, ইমেল, গেমের সিস্টেম এবং সামাজিক মাধ্যমের সাহায্যে হয়রানি, পীড়ন বা বৈষম্যমূলক আচরণ করা।

পীড়ন, হয়রানি বা বৈষম্যমূলক আচরণ স্কুলের চোহদ্দির বাইরে হলে কি হবে ?

ডি.ও.ই স্কুলের বাইরে পীড়ন, হয়রানি বা বৈষম্যমূলক আচরণের অনুমতি দেয় না যদি সেটি আপনার সন্তানের পড়াশুনাকে ব্যাহত করে বা স্কুলের জনগোষ্ঠীর ক্ষতি করতে পারে।

পীড়ন, হয়রানি বা বৈষম্যমূলক আচরণ যদি স্কুলের কর্মীরা করেন তাহলে কি হবে ?

স্কুলের কর্মীদের কোনও শিক্ষার্থীকে পীড়ন, হয়রানি বা তার বিরুদ্ধে বৈষম্যমূলক আচরণ করার অনুমতি নেই। পিতামাতা এবং শিক্ষার্থীরা এই আচরণ সম্বন্ধে প্রিন্সিপ্যালকে বলে, অফিস অফ স্পেশাল ইনভেস্টিগেশনকে (ও.এস.আই) (718) 935-3800 নম্বরে কল করে অভিযোগ জানাতে পারেন বা অনলাইনে ও.এস.আই-এর কাছে https://www.nycenet.edu/offices/osi/CPR_Form/form.aspx এ অভিযোগ দাখিল করতে পারেন।

আমার সন্তানকে পীড়ন করা হচ্ছে কিনা আমি তা কিভাবে জানতে পারবো ?

সব শিশু পীড়ন, হয়রানি বা বৈষম্যমূলক আচরণের শিকার হওয়া সম্বন্ধে কথা বলে না। নীচে কিছু লক্ষণ দেওয়া হল যা দেখে সতর্ক হওয়া যেতে পারে যে শিশুটিকে হয়তো পীড়ন করা হচ্ছে:

- তাদের শরীরে আঘাত, দাগ বা কালশিটে আছে যার কারণ তারা বলতে পারছে না।
- জিনিসপত্র খোয়া যাওয়া বা নষ্ট হয়ে যাওয়া।
- ঘন ঘন মাথা ব্যথা, পেটে ব্যথা, অসুস্থ বোধ করা বা অসুস্থ হওয়ার ভান করা।
- ঘুমোতে সমস্যা বা দুঃস্বপ্ন।
- গ্রেড কমে যাওয়া বা স্কুল থেকে আগ্রহ চলে যাওয়া।
- স্কুলে যেতে না চাওয়া।
- আত্মসম্মান কমে যাওয়া।

মনে রাখবেন: সব শিশু একই ধরনের লক্ষণ প্রকাশ করে না, এবং কিছু শিশু কোনও লক্ষণ প্রকাশ নাও করতে পারে।

আমার সন্তান যদি পীড়ন, হয়রানি বা বৈষম্যমূলক আচরণের শিকার হলে আমি কি করতে পারি ?

1. **অবিলম্বে স্কুলে ঘটনাটি সম্বন্ধে অভিযোগ করুন।** আপনি বা আপনার সন্তান স্কুলের কোনও ব্যক্তির কাছে ঘটনাটি সম্বন্ধে অভিযোগ করতে পারেন। সেই ব্যক্তিকে প্রিন্সিপ্যাল হতে হবে এমন কোনও কথা নেই। ঘটনাটি অবশ্যই 24 ঘন্টার মধ্যে ডি.ও.ই-র অনলাইন অকারেন্স রিপোর্ট সিস্টেমে (ও.ও.আর.এস) প্রবেশ করাতে হবে। আপনি ও.ও.আর.এস রিপোর্টের একটি কপি চাইতে পারেন।
2. **আপনি যদি ঘটনাটি সম্পর্কে স্কুলের কর্মীদের কাছে অভিযোগ জানাতে স্বচ্ছন্দ বোধ না করেন, বা আপনি স্কুলের কর্মীর কাছে অভিযোগ জানানো সত্ত্বেও আচরণ তেমনই চলতে থাকে তাহলে আপনি অফিস অফ স্কুল অ্যান্ড ইমুথ ডেভেলপমেন্টকে (ও.এস.ওয়াই.ডি) ইমেল করে অভিযোগ জানাতে পারেন।**
 - ইমেল ঠিকানাটি হল: RespectforAll@schools.nyc.gov.
 - আপনি আপনার পরিচয় গোপন রেখেও অভিযোগ জানাতে পারেন।
 - আপনি ইমেলটি আপনার নিজের ভাষাতে লিখতে পারেন।
 - আপনাকে একটি রেফারেন্স নম্বর দেওয়া হবে যাতে আপনি অভিযোগটি সম্বন্ধে খোঁজখবর করতে পারেন।
3. **এরপরে স্কুলের প্রিন্সিপ্যালকে অভিযোগ পাওয়ার 5 দিনের মধ্যে তদন্ত করে দেখতে হবে এবং নির্ধারণ করতে হবে যে আপনার সন্তানকে পীড়ন, হয়রানি বা তার বিরুদ্ধে বৈষম্যমূলক আচরণ করা হয়েছে কিনা।** এই তদন্তের মধ্যে অন্তর্ভুক্ত করতে হবে:
 - সেই শিক্ষার্থীর সঙ্গে একটি সাক্ষাৎকার যার সঙ্গে পীড়ন, হয়রানি বা বৈষম্যমূলক আচরণ করা হয়েছে বলে অভিযোগ করা হয়েছে। আপনার সন্তান যদি ইংরাজি না বলে তাহলে ডি.ও.ই-কে একজন দোভাষীর ব্যবস্থা করতে হবে।
 - সেই শিক্ষার্থীর সঙ্গে একটি সাক্ষাৎকার যে পীড়ন, হয়রানি বা বৈষম্যমূলক আচরণ করেছে বলে অভিযোগ করা হয়েছে।
 - কোনও সাক্ষী থাকলে তাদের সাক্ষাৎকার এবং লিখিত বিবৃতি।

4. **প্রিন্সিপাল সিদ্ধান্ত নেবেন যে আচরণটি পীড়ন, হয়রানি বা বৈষম্যমূলক** কিনা। প্রিন্সিপাল অনেকগুলি বিষয় বিবেচনা করবেন যেমন শিক্ষার্থীর বয়স, কি ঘটেছে, আচরণটি কতটা গুরুতর, আচরণটি কতবার ঘটেছে এবং প্রতিবার ঘটার সময় সেটি কতক্ষণ ধরে করা হয়েছে, কোন পরিস্থিতিতে আচরণটি ঘটেছে, আচরণটি কোথায় ঘটেছে, কতজন শিক্ষার্থী জড়িত ছিল, এবং আচরণটি শিক্ষার্থীর শিক্ষাকে ক্ষতিগ্রস্ত করেছে কিনা।
5. **ঘটনায় জড়িত শিক্ষার্থীদের পিতামাতাকে তদন্তের ফলাফল জানানো** হবে। ডি.ও.ই-কে পিতামাতার সঙ্গে সেই ভাষায় যোগাযোগ করতে হবে যা তারা বুঝতে পারবেন। আচরণটি যদি নিয়মশৃঙ্খলার বিধি লঙ্ঘন করে থাকে তাহলে স্কুল যথাযথ শাস্তিমূলক পদক্ষেপ গ্রহণ করবে। যদি আচরণটি অপরাধমূলক হয়ে থাকে তাহলে স্কুল পুলিশকে জানাবে। যদি প্রয়োজন হয় তাহলে স্কুল কাউন্সেলিং, সহায়তা এবং অন্যান্য হস্তক্ষেপের সুপারিশ করতে পারে।
6. **প্রিন্সিপালকে অবশ্যই নিশ্চিত করতে হবে যাতে আচরণটি বন্ধ হয়।**

আপনি যদি এই পদক্ষেপগুলি নিয়ে থাকেন এবং তবুও আপনার সন্তান পীড়ন, হয়রানি বা বৈষম্যমূলক আচরণের শিকার হতে থাকে তাহলে আপনি সাহায্যের জন্য অ্যাডভোকেটস ফর চিলড্রেনের সঙ্গে যোগাযোগ করতে পারেন: সোমবার থেকে বৃহস্পতিবার, সকাল 10টা থেকে বিকেল 4টের মধ্যে আমাদের এডুকেশন হেল্পলাইনে 1-866-427-6033 এ কল করুন। আমরা আপনার ভাষায় কথা বলতে পারি।

নিরাপত্তার কারণে আমার সন্তানকে কি অন্য কোনো স্কুলে স্থানান্তরিত করা যাবে ?

আপনার সন্তানকে পীড়ন, হয়রানি বা তার সঙ্গে বৈষম্যমূলক আচরণ করা হলেও আপনার সন্তানের সেই স্কুলে থাকার অধিকার আছে। প্রিন্সিপালকে অবশ্যই সেই আচরণ থামাতে হবে যাতে আপনার সন্তান স্কুলে নিরাপদ বোধ করে। কিন্তু আপনার যদি আপনার সন্তানের নিরাপত্তা নিয়ে কোনও ভয় থাকে তাহলে আপনি আপনার সন্তানকে অন্য কোনও স্কুলে স্থানান্তরিত করার জন্য অনুরোধ জানানোর সিদ্ধান্ত নিতে পারেন।

আপনি একটি ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে গিয়ে আপনার অনুরোধের স্বপক্ষে থাকা কাগজপত্র যেমন ও.ও.আর.এস রিপোর্ট, চিকিৎসার রেকর্ড, বা আপনার সন্তানের পরিষেবা প্রদানকারীর একটি চিঠি ইত্যাদির কপি জমা দিয়ে নিরাপত্তার কারণে স্থানান্তর করার অনুরোধ জানাতে পারেন। বা আপনি আপনার সন্তানের স্কুলের প্রিন্সিপাল, ডিন বা নিরাপত্তার অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপালকে নিরাপত্তার কারণে স্থানান্তরের অনুরোধ জানাতে পারেন। স্কুলের কর্মীরা নিরাপত্তার কারণে স্থানান্তরের তদন্ত এবং গ্রহণের ফর্ম সহ সমস্ত নথিপত্র ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে পাঠাবে। শিক্ষার্থী ভর্তির কার্যালয়কে (অফিস অফ স্টুডেন্ট এনরোলমেন্ট) 5টি কাজের দিনের মধ্যে এবিষয়ে সিদ্ধান্ত নিতে হবে।

একজন মাতাপিতা হিসাবে আমি যদি স্কুলের কর্মীদের বৈষম্যমূলক আচরণের শিকার হই তাহলে কি হবে ?

আপনার যদি মনে হয় যে আপনার সন্তানের স্কুলের কেউ আপনার জাতি, বর্ণ, জাতিগত পরিচয়, জাতীয় উৎপত্তি, অভিবাসন মর্যাদা বা ধর্মের কারণে আপনার সঙ্গে বৈষম্যমূলক আচরণ করেছেন তাহলে অফিস অফ ইকুয়াল অপারচুনিটি অ্যান্ড ডাইভার্সিটি ম্যানেজমেন্টের অভিযোগ কেন্দ্রের সঙ্গে (718) 935-3320 নম্বরে যোগাযোগ করুন।

অ্যাডভোকেটস ফর চিলড্রেন অফ নিউ ইয়র্ক, আই.এন.সি.

151 ওয়েস্ট 30th স্ট্রীট, 5ম তল, নিউ ইয়র্ক, NY 10001

জিল চাইফেটজ এডুকেশন হেল্পলাইন: 1-866-427-6033 (নিঃশুঙ্ক)

সোমবার থেকে বৃহস্পতিবার, সকাল 10টা থেকে বিকেল 4টে

এই তথ্যপত্রটিতে আইনি পরামর্শ দেওয়া হয়নি। এই তথ্যপত্রটিতে এ.এফ.সি.র মতামত উল্লেখ না করে বিদ্যমান নীতি বা আইনের সংক্ষিপ্ত বিবরণ দেওয়ার চেষ্টা করা হয়েছে। আপনার যদি কোনও আইনি সমস্যা থাকে তাহলে অনুগ্রহ করে একজন এটর্নি বা আইনজীবীর সঙ্গে যোগাযোগ করুন।

কপিরাইট © ডিসেম্বর 2016 অ্যাডভোকেটস ফর চিলড্রেন অফ নিউ ইয়র্ক, ইনক.